গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেলান্দহ, জামালপুর

স্মারক নং-০৫.০০.৩৯৬১.৪৫৫.৩২.০৩২.১৬-১২৪ তারিখঃ 1৭ ফেব্রুয়ারি ২০1৯

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন বিভিন্ন হাট-বাজার আগামী ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪২6 বাংলা সনের 0১ (এক) বছর মেয়াদে শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত ইজারা ব্যবসায়ীদের নিকট হইতে নিম্নোক্ত "ছক" মোতাবেক (নিজস্ব) সীল মোহরকৃত সীলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

মেলান্দহ উপজেলার বিভিন্ন হাট-বাজারের তালিকা:

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউপি'র নাম	সরকারী মূল্য	দরপত্রের মূল্য (অফেরৎযোগ্য)
০১	দুরমুঠ বাজার	দুরমুঠ	২,৩৬,৯১০/-	১,২০০/-
০২	আমবাড়ীয়া বাজার	দুরমুঠ	১৩,২৫০/-	৫০০/-
০৩	টনকী বাজার	কুলিয়া	২৭,৯৪২/-	৫০০/-
০৪	মাহমুদ পুর বাজার	মাহমুদপুর	২৯,২৭,৮৯৭/-	৬,৬০০/-
০৫	নলছিয়া বাজার	মাহমুদপুর	৪,১৮১/-	৫০০/-
০৬	গোবিন্দগঞ্জ বাজার	নয়ানগর	১,১৫৯/-	৫০০/-
০৭	চরপলিশা বাজার	চরবানিপাকুরিয়া	২৩,৬৩৮/-	৫০০/-
০৮	ভাবকী বাজার	চরবানিপাকুরিয়া	১২,২৬১/-	৫০০/-
০৯	শিহাটা বাজার	চরবানিপাকুরিয়া	৫৭৬/-	৫০০/-
১০	ফুলকোচা বাজার	ফুলকোচা	১,০০৩/-	৫০০/-
১১	বেলতৈল বাজার	ঘোষেরপাড়া	১,১০,১০৬/-	১,০০০/-
১২	তালুকপাড়া বাজার	ঘোষেরপাড়া	৫,৬৩২/-	৫০০/-
১৩	ঝাউগড়া বাজার	ঝাউগড়া	৩৯,৯১২/-	৫০০/-

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ,সময় স্থান	দরপত্র বিক্রয়ের স্থান	দরপত্র দাখিলের স্থান	মন্তব্য
১ম বার	04-০৩-২০1৯ খ্রি. তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	0৫-০৩-২০1৯ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত	05-০৩-২০1৯খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।	(১) জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেলান্দহ, জামালপুর। (৩) উপজেলা ভূমি অফিস, মেলান্দহ, জামালপুর। (৪) অফিসার ইনচার্জ, মেলান্দহ থানা, মেলান্দহ, জামালপুর। (৫) সোনালী ব্যাংক মেলান্দহ শাখা, জামালপুর	(১) জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেলান্দহ, জামালপুর। (৩)) উপজেলা ভূমি অফিস, মেলান্দহ, জামালপুর।	উল্লিখিত তারিখ অনুযায়ী পর্যাক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে।
২য় বার	১১-০৩-২০১৯ খ্রি. তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	১২-০৩-২০১৯ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত	১২-০৩-২০১৯ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।			
৩য় বার	১৮-০৩-২০১৯ খ্রি. তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯-০৩-২০১৯ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত	১৯-০৩-২০১৯ খ্রি. রোজ মঙ্গলবার বেলা ০২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।			

১৪২৬ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ১৪২৬ সনের ৩০শে চৈত্র 01 (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট- বাজার ইজারা দেওয়া হবে।

০২ দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অথবা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩ যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪ প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫ এক হাট-বাজারের ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬ খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭ সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাদিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮ প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

০৯ ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের 03 (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০ দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্ব্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১ ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার -পরিচ্ছন্ন রাখবেন।

১২ ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩ কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪ নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫ হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬ চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,মেলান্দহ বরাবর জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা গ্রহণ না করলে বা কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর ফেরৎ দেয়া হবে। দরপত্র অনুমোদিত 03(তিন) কার্যদিবসের মধ্যে অনুমোদিত দর দাতাকে জানানো হবে। গৃহীত দরপত্র দাতা অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৭৫% জাতীয় রাজস্ব বোর্ডের ১৫% ভ্যাট ও ৫% আয়কর জমা দিতে হবে। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলে গণ্য হবে ও জামানত বাজেয়াপ্ত হবে। দরপত্র দাখিলের দিন কোন প্রকার দরপত্র বিক্রয় হবে না। উল্লেখ্য প্রথম বারে ইজারা মূল্য সন্তোষজনক না হলে পর্যায়ক্রমে টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত উল্লেখিত দিন তারিখ সমূহে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। এ বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত বিস্তারিত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মেলান্দহ, জামালপুর হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে জানা যাবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

17-02-2019

তামিম আল ইয়ামীন
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ , জামালপুর।
ফোন: ০১৭০৯৯৭০১৭০
ফ্যাক্স: ০৯৮২৬৫৬২০০
ই-মেইল-unomelandah@gmail.com

স্মারক নং-০৫.০০.৩৯৬১.৪৫৫.৩২.০৩২.১৬-১২৪ তারিখঃ 1৭ ফেব্রুয়ারি ২০19

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
০৩। পুলিশ সুপার, জামালপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। সিডিউল বিক্রয়সহ দরপত্রবাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ---(সকল), জামালপুর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), মেলান্দহ জামালপুর। সিডিউল বিক্রয়সহ দরপত্রবাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৯। মেয়র, মেলান্দহ পৌরসভা, মেলান্দহ, জামালপুর।
১০। অফিসার ইন-চার্জ, মেলান্দহ থানা, মেলান্দহ, জামালপুর।
১১। চেয়ারম্যান, --(সকল) ইউনিয়ন পরিষদ, মেলান্দহ, জামালপুর।
১২। ব্যবস্থাপক , সোনালী ব্যাংক লি: মেলান্দহ শাখা, মেলান্দহ। তাঁর বরাবরে -------------------টি দরপত্র সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো।
১৩।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---ইউনিয়ন ভূমি অফিস, মেলান্দহ। তাকেঁ বিষয়টি হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং প্রচারের প্রতিবেদন দরপত্র দাখিলের ০৩ (তিন) কার্যদিবস পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব --ইজারাদার, --------------------------------------হাট-বাজার, মেলান্দহ, জামালপুর।
১৫। নোটিশ বোর্ড।
1৬। মেলান্দহ উপজেলার ওয়েব সাইট নোটিশ বোর্ডে পাওয়া যাবে। http://melandah.jamalpur.gov.bd

17-02-2019
তামিম আল ইয়ামীন
উপজেলা নির্বাহী অফিসার